

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ আগস্ট' ২০২৩ খ্রি.

বঙ্গবন্ধুর হত্যাকারীরা ব্যর্থ হয়েছে: মেয়র রেজাউল

বাংলাদেশের স্বাধীনতা কেড়ে নিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করলেও যড়যন্ত্রকারীদের পরিকল্পনা ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার চসিকের টাইগারপাসস্থ কার্যালয়ে জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের পর কনফারেন্স রুমে খতমে কোরআন ও বিশেষ দোয়া মাহফিলের পর থিয়েটার ইন্সটিউটে আয়োজিত আলোচনা সভায় এ মন্তব্য করেন তিনি।

মেয়র বলেন, জাতির পিতার লড়াই ছিল দেশ স্বাধীন করার লড়াই। বঙ্গবন্ধুর লড়াই ছিল স্বুধামুক্ত-দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের লড়াই। একান্তরের পরাজিত শক্তি ভেবেছিল হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালিকে হত্যার মাধ্যমে আমাদের স্বাধীনতাকে কেড়ে নিবে, বাংলার বুকে ওরা ফেরাবে পাকিস্তানের প্রেতাত্মকে। তবে, ওরা বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করতে পেরেছে কিন্তু জাতি ঠিকই বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারণ করে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঘুরে দাঢ়িয়েছে। প্রধানমন্ত্রীর যোগ্য নেতৃত্বে এককালের বটমলেস বাস্কেট আজ উন্নয়নের রোলমডেল।

এসময় মেয়র দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদান প্রদান করেন। এবছর প্রথমবারের মতো ৪১ টি ওয়ার্ডের ২০ জন করে মোট ৮২০জন শিক্ষার্থীকে চসিকের পক্ষ থেকে অনুদান দেয়ার উদ্যোগ নিয়েছেন মেয়র। এছাড়া অনুষ্ঠানে চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মেয়র। এর আগে শোক দিবস উপলক্ষ্যে নগরীর সদরঘাটের চসিক মেমন মাতৃসনদন হাসপাতালে দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা কার্যক্রম উদ্বোধন করেন মেয়র।

চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে সভায় অংশ নেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, হাসান মুরাদ বিপ্লব, আব্দুল মান্নান, আব্দুস সালাম মাসুম, ওয়াসিম উদ্দিন চৌধুরী, জহর লাল হাজারী, রুমকি সেনগুপ্ত, সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান রাজস্ব কর্মকর্তা নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আরুল হাশেম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আকবর আলী, ঝুলন কুমার দাশ, শাহীন উল আলম, স্বাস্থ্য কর্মকর্তা মো. ইমাম হোসেন রানা, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকরা, নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজাউল করিম, উপ-সচিব আশেক রাসুল টিপু ও সিবিএ নেতৃবৃন্দ। অনুষ্ঠানে মুনাজাত পরিচালনা করেন চসিক মাদ্রাসা পরিদর্শক মাওলানা আলহাজ্ব হারমনুর রশিদ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮